

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০০৩

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ২৪. লি'আনকারীণী স্ত্রী'র পুত্রের মীরাছ সম্পর্কে

باب فِي مِيرَاتِ ابْنِ الْمُلاعَنَةِ

## আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ مُوسَى بْنِ عُبَيْدَةَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ إِذَا تَلَاعَنَا فُرِقَ بَيْنَهُمَا وَلَمْ يَجْتَمِعَا وَدُعِيَ الْوَلَدُ لِأُمِّهِ يُقَالُ ابْنُ فُلَانَةَ هِيَ عَصَبَتُهُ يَرِثُهَا وَتَرِثُهُ وَمَنْ دَعَاهُ لِزِنْيَةٍ جُلِدَ

## বাংলা

৩০০৩. নাফিঈ' (রহঃ) থেকে বর্ণিত, ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, যখন স্বামী-স্ত্রী উভয়ে লি'আন (পরস্পরকে অভিশাপ দেবে) করবে, তখন তাদের মাঝে বিচ্ছেদ ঘটিয়ে দেওয়া হবে, আর তারা একত্রিত হতে পারবে না। আর তাদের সন্তান তার মায়ের নামে ডাকা হবে, বলা হবে সে অমুক স্ত্রীলোকের পুত্র। আর তার মাতা তার আসাবাহ হবে, সে তার মাতার ওয়ারিস হবে এবং তার মাতা হবে তার ওয়ারিস। আর যে তাকে 'যিনাকারীনীর সন্তান' বলে আহ্বান করবে, তার জন্য রয়েছে বেত্রাঘাত।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, মুসা ইবনু উবাইদাহ'র দুর্বলতার কারণে।

তাখরীজ: আব্দুর রায্যাক, আল মুসান্নাফ নং ১২৪৭৮; ইবনু আবী শাইবা ১১/৩৪০ নং ১১৩৭৬ সনদ সহীহ; আব্দুর রায্যাক, আল মুসান্নাফ নং ১২৪৮৪।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন